

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০০৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৫. দুই সাহু সিজদা্ সম্পর্কে

باب السَّهْوِ فِي السَّجْدَتَيْنِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَة، عَنْ مَالِك، عَنْ أَيُّوبَ، عَنْ مُحَمَّد، بِإِسْنَادِهِ \_ وَحَدِيثُ حَمَّادٍ أَتَمُّ \_ قَالَ صَلَّى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم لَمْ يَقُلْ بِنَا . وَلَمْ يَقُلْ فَأَوْمَئُوا . قَالَ قَقَالَ النَّاسُ نَعَمْ . قَالَ ثُمَّ رَفَعَ \_ وَلَمْ يَقُلْ وَكَبَّرَ \_ ثُمَّ كَبَّرَ وَسَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطْوَلَ ثُمَّ رَفَعَ وَتَمَّ حَدِيثُهُ لَمْ يَذْكُرْ مَا بَعْدَهُ وَلَمْ يَذْكُرْ فَأَوْمَئُوا إِلَا حَمَّادُ بْنُ زَيْدٍ . قَالَ أَبُو دَاوُدَ وَكُلُّ مَنْ رَوَى هَذَا الْحَدِيثَ لَمْ يَقُلْ فَكَبَّرَ . وَلَا ذَكَرَ رَجَعَ .

\_ صحیح : خ

#### বাংলা

১০০৯। 'আবদুল্লাহ ইবনু মাসলামাহ, তিনি মালিক, তিনি আইয়্যুব হতে, তিনি মুহাম্মাদ হতে পূর্বোক্ত সানাদে হাদীসটি বর্ণনা করেছেন। তবে বর্ণনাকারী হাম্মাদের সানাদে বর্ণিত হাদীসটিই পূর্ণাঙ্গ। বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করলেন। এ বর্ণনায় 'আমাদেরকে নিয়ে' এবং 'লোকদের ইশারা' শব্দুদ্বয় উল্লেখ নেই।

বর্ণনাকারী বলেন, জবাবে লোকেরা শুধু হ্যাঁ বলেছিলো। বর্ণনাকারী বলেনঃ অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাথা উঠালেন। এতে ''এরপর তাকবীর বলেন… অতঃপর মাথা উঠালেন'' একথাগুলো উল্লেখ নেই। এভাবেই হাদীস শেষ হয়েছে। হাম্মাদ ইবনু যায়িদ ব্যতীত অন্য কেউ ''ফা আওমায়ূ'' (লোকদের ইশারা) শব্দটি উল্লেখ করেনিন।[1]

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, যারা এ হাদীস বর্ণনা করেছেন তাদের কেউই 'ফাক্ববারা' (তিনি তাকবীর দিলেন) এবং রাজায়া (প্রত্যাবর্তন করলেন) শব্দদ্বয় উল্লেখ করেননি।

সহীহ : বুখারী।



## **English**

This tradition has been narrated through a different chain of transmitters; but the version of Hammad is more perfect. This version goes; then the Messenger of Allah () prayed; it does not have the words, "led us (in prayer)," nor the words "they made a sign". Thereupon the people said: Yes. He then raised his head. The version does not mention the words "he uttered the takbir. He then uttered the takbir and made the prostration as usual or prolonged it. He then raised his head". The narrator then prostration as usual or prolonged it. He then raised his head". The narrator then finished the tradition and did not mention the words that follow it. He did not mention the words "they made a sign", but Hammad b. Zaid mentioned them in his version.

Abu dawud said: Anyone who narrated this tradition did not mention the words "then he uttered the takbir", nor the words "he returned"

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সাহু, অনুঃ সিজদা সাহুর পর তাশাহহুদ না পড়লে, হাঃ ১২২৮) মালিক হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন